

এসো

পৌরসভার হোডিং বনভোজন কেন্দ্র – কাছে দূরের
কিছু কিছু দল আসছেও এই শীতে পিকনিক করতে। আমরা
স্থানীয় লোকজন রোদদুরে পিঠ দিয়ে বসে কখনো কখনো
বিড়ি টানতে টানতেই জিগ্যেস করছি-- ভাই, আপনারা
কি বাইরে থেকে এসেছেন ? তারা বলছে হ্যাঁ, বেলঘরিয়া
থেকে...

বাইরে থেকে আসো, ভিতর থেকে আসো, কাছ থেকে আসো,
দূর থেকে আসো -- যেখান থেকেই আসো --এই
ফসলশূন্য ধু- ধু ক্ষেত কুয়াশা আর শুকিয়ে যাওয়া বিদ্যাধরী
তীরে পিকনিক করতেই তো এসেছো, পিকনিক করতে
করতে জেনেও যাবে, এটাই আমাদের শ্মশান ...

অনির্বান দাস